৫৭

ভোরের কাগজ

তারিখ ... 10 JAN 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫

আজ রাজধানীতে সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

# উচ্চ কর্মকর্তাদের সুপারিশের চাপে স্কুল কর্তৃপক্ষ অসহায়

মাঈনুল আলম : রাজধানীর সরকারি স্কুলগুলোতে আজ থেকে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। শিক্ষা অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী নগরীর ২৪টি স্কুল আজ, আগামীকাল ও পরশু তিনদিন প্রথম, ষষ্ঠ ও নবম শ্রেণীতে ভর্তির জন্যে পরীক্ষা নিবে। ভর্তির জন্য স্কুলগুলো ফরম বিক্রি, জমা নেওয়া ও মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠানের প্রস্তুতি গ্রহণ করলেও তারা উপর মহলের চাপের সম্মুখীন হচ্ছে। সংশ্লিষ্ট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা ইতিমধ্যে ভর্তির ব্যাপারে সুপারিশ করা শুরু করেছেন। নাম প্রকাশে অনিচ্ছুক একটি সরকারি স্কুলের প্রধান শিক্ষক জানান, 'ভর্তি পরীক্ষার আগেই কর্মকর্তারা টেলিফোনে তাদের প্রার্থীদের নাম, রোল নম্বর জানিয়ে নজর রাখার জন্যে বলছেন,' অপর একটি স্কুলের একজন সহকারী প্রধান শিক্ষক উর্ধ্বতন কর্মকর্তাদের এ ধরনের সুপারিশ সুষ্ঠুভাবে ছাত্রছাত্রী ভর্তির প্রতিবন্ধক বলে মন্তব্য করেন। কর্মকর্তাদের সুপারিশ এবার বেশি বলেই তিনি জানান।

জানা গেছে, শিক্ষা অধিদপ্তরের একজন কর্মকর্তা নগরীর একটি সরকারি স্কুলের প্রধান শিক্ষককে ছ'জন ছাত্রের রোল নম্বর দিয়ে বলেছেন, 'পরীক্ষার আগেই দিলাম, এরা যাতে ভর্তি হতে পারে।' এমন পরিস্থিতিতে স্কুল কর্তৃপক্ষ পড়েছে বিপাকে। উর্ধ্বতন কর্তাদের অনুরোধের কোটা রক্ষা করতে গিয়ে তারা ভর্তির সঠিক নিয়ম কানুন অনুসরণ করতে পারছেন না। অনুরোধ না রাখলে পরবর্তী সময়ে বদলি হয়ে যাওয়ার আশঙ্কাও রয়েছে। ধানমন্ডি এলাকার একটি স্কুলের প্রধান শিক্ষক গত এক সপ্তাহ ধরে এসব কারণে কোনো টেলিফোন ধরছেন না বলে জানা গেছে।

আজ প্রথম দিনে ৯টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা নেওয়া হবে। আগামীকাল ৮টা ও পরশু ৭টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সরকারি স্কুলগুলোতে এবার ধারণ ক্ষমতা অনুযায়ী আসন বাড়ানো হয়েছে। এতেও ভর্তি সঙ্কট কমেনি। প্রতিটি আসনের জন্য গড়ে ১০/১২ জন করে প্রার্থী। উল্লেখযোগ্য, বেসরকারি স্কুলগুলোতে ভর্তি প্রক্রিয়া চলছে। কোনো কোনোটিতে এ মাসের শেষ পর্যন্ত চলবে।